ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮৩৪

আগরতলা, ১২ সেপ্টেম্বর, ২০২৫

**প্রত্যন্ত অঞ্চলে গর্ভবতী মহিলার স্বাস্থ্য পরীক্ষা**

খোয়াই জেলার প্রত্যন্ত ও গ্রামীণ অঞ্চলের মানুষদের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দিতে স্বাস্থ্যকর্মীরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছেন। এরই অঙ্গ হিসেবে হেমন্ত দেববর্মা স্মৃতি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে, গত ১১ সেপ্টেম্বর বাচাইবাড়ি এলাকার রতিরাম পাড়ার বাসিন্দা সরিৎ দেববর্মার পাঁচ মাসের গর্ভবতী স্ত্রী সরজিনা দেববর্মা এর বাড়িতে একটি স্বাস্থ্য পরিদর্শন কর্মসূচি-(৩৫) পরিচালিত হয়। এই কর্মসূচির মূল লক্ষ্য ছিল গর্ভবতী মায়ের এবং গর্ভস্থ শিশুর স্বাস্থ্য নিরীক্ষা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা। স্বাস্থ্যকর্মীরা সরজিনার রক্তে হিমোগ্লোবিন মাত্রা, রক্তচাপসহ অন্যান্য গুরুত্বপূর্ণ শারীরিক পরীক্ষা সম্পন্ন করেন এবং তাঁকে যথাযথ স্বাস্থ্য পরামর্শ দেন। এই ধরনের স্বাস্থ্য সচেতনতামূলক কর্মসূচির মাধ্যমে শুধু গর্ভবতী মহিলাদের নয়, নবজাত শিশুদের টিকাকরণ, পুষ্টির চাহিদা পূরণ এবং বয়স্কদের স্বাস্থ্যের দিকেও বিশেষ নজর দেওয়া হচ্ছে। এর ফলে স্বাস্থ্য পরিকাঠামো এবং পরিষেবা ধীরে ধীরে প্রত্যন্ত এলাকায় পৌঁছাতে সক্ষম হচ্ছে। এই পরিদর্শন কর্মসূচিতে উপস্থিত ছিলেন মঙ্গলচন্দ্র দেববর্মা, আয়ুষ্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার রাকেশ দেববর্মা, আশা ফেসিলিটেটর নীলম দেববর্মা, আশাকর্মী তামান্না দেববর্মা । স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

******